গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-৬ অধিশাখা
www.mor.gov.bd

বিষয়: আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর ২০২৩ উপলক্ষে ট্রেন যাত্রা নির্বিঘ্ন করার লক্ষ্যে পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি : ড. মো: হুমায়ুন কবীর
সচিব, রেলপথ মন্ত্রণালয়।
সভার তারিখ : ১০ এপ্রিল ২০২৩
সময় : সকাল ১১:০০ টা
স্থান : ঢাকা রেলওয়ে স্টেশন ভিআইপি কক্ষ (কমলাপুর)

**সভার উপস্থিতি:** সভায় বাংলাদেশ রেলওয়ের মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন), যুগ্মসচিব (প্রশাসন/ প্রশাসন-২), বাংলাদেশ রেলওয়ের মহাব্যবস্থাপক (পূর্ব), রেলওয়ে পুলিশের অতিরিক্ত ডিআইজি, বাংলাদেশ পুলিশের অতিরিক্ত পুলিশ সুপার , ডিএমপি এর এডিসি (মতিঝিল), র‍্যাব-৩ এর পুলিশ সুপার, রেলপথ মন্ত্রণালয়ের উপসচিব(প্রশাসন-৬), বিজিবি'র অতিরিক্ত পরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ের পরিচালক ট্রাফিক (কমার্শিয়াল), ডিআরএম (ঢাকা), চীফ কমান্ড্যান্ট (পূর্ব) এনএসআই-এর সহকারী পরিচালক, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সহকারী পরিচালক এবং বাংলাদেশ রেলওয়ের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণসহ Shohoz-Synesis-Vincen JV এর প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট-'ক'-তে দেখা যেতে পারে।

**২.০ প্রারম্ভিক আলোচনা :**

২.১ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন রেলপথ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে ২১/০৩/২০২৩ তারিখ পবিত্র ঈদ-উল-ফিতর ২০২৩ উপলক্ষে আন্ত:মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার ধারাবাহিকতায় আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর ২০২৩ উপলক্ষে ট্রেন যাত্রা নির্বিঘ্ন করার লক্ষ্যে পর্যালোচনা সভার আয়োজন করা হয়েছে। তিনি বলেন ঈদের সময় ঘরে বসেই টিকিট প্রাপ্তির লক্ষে ১০০% টিকিট অনলাইনে বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এখন আমাদের লক্ষ্য হচ্ছে ট্রেনের ছাদে যাত্রী পরিবহন যেন না হয় তা নিশ্চিত করা। ট্রেনের ছাদে যাত্রী বহন না করার বিষয়ে গত বছর হাইকোর্ট মৌখিকভাবে নির্দেশনা প্রদান করেছেন। তাই আমাদের এ বিষয়ে সতর্ক থাকতে হবে। তাছাড়া ওভার লোড হলে ট্রেনের ক্ষতি এবং ট্র্যাকেরও ক্ষতি হয়। ২৫% স্ট্যান্ডিং টিকিটে ভ্রমণের সুবিধা প্রাপ্ত যাত্রীদের ট্রেনের মধ্যে চলাচল বন্ধ করতে হবে। ট্রেনের টিকিট এর বিষয়ে এখনও টিকিট না পাওয়ার কিছু কিছু অভিযোগ পাওয়া যাচ্ছে। তিনি বলেন Shohoz-Synesis-Vincen JV থেকে জানানো হয়েছে যে, এ পর্যন্ত সর্বমোট ১,৬৮,০০,০০০ ( এক কোটি আটষট্টি লক্ষ) জন সার্ভারে হিট করেছে। সীমাবদ্ধতার কারণে বাংলাদেশ রেলওয়ের পক্ষে সকলকে টিকিট দেয়া সম্ভব হবে না। তিনি রেলের বুফে কার সংশ্লিষ্ট বিষয়ে হোয়াটস অ্যাপ গ্রুপ খোলার বিষয়ে গুরুত্বারোপ করেন। বুফে কারে যাতে কোন যাত্রী পরিবহন করা না হয় সে বিষয়ে তিনি সকলের দৃষ্টি আকর্ষণ করেন।

২.২ অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন) বলেন যে, উত্তরবঙ্গগামী ট্রেনুগলোতে ছাদে ওঠার প্রবণতা বেশি। এ ট্রেনগুলো চেক দিতে পারলে আমাদের আর তেমন সমস্যা হবে না মর্মে তিনি অভিমত প্রকাশ করেন।

২.৩ রেলওয়ে পুলিশ এর প্রতিনিধি অতিরিক্ত উপ মহাপরিদর্শক জানান, জয়দেবপুরে বেশি সমস্যা হয়। সেখানে গার্মেন্টস ছুটির পর বেশি চাপ পড়ে। কমলাপুরে ছাত্রদের ভীড় হয় বেশি এবং তাদের বিনা টিকিটে ভ্রমণের প্রবণতা লক্ষ্য করা যায়।

২.৪ ডিআরএম (ঢাকা) বলেন, ইতোমধ্যে জয়দেবপুর স্টেশনে গিয়ে সাংবাদিকদের সাথে সভা করে গার্মেন্টস শ্রমিকদের জন্য স্পেশাল ট্রেন এর ব্যবস্থা করা হয়েছে। যেকোন পরিস্থিতিতে ট্রেনের ছাদে ভ্রমণ প্রতিরোধ করতে হবে বলেও তিনি সভায় মত ব্যক্ত করেন।

২.৫ ডিএমপি এর প্রতিনিধি জানান বিগত বছরের ন্যায় এবছরও স্টেশনের বাইরের আইন-শৃঙ্খলা রক্ষায় তাদের বাহিনী মোতায়েন থাকবে। স্টেশনে ঢোকার সময় যাত্রীদের যে স্রোত সেটা নিয়ন্ত্রণের ব্যবস্থা নেয়া হবে।

২.৬ র‍্যাব এর প্রতিনিধি জানান তাদের কন্ট্রোল রুম থাকবে। ঢাকা স্টেশনে তাদের টহল টিম থাকবে। জয়দেবপুরেও তাদের টহল টিম থাকবে।

২.৭ মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে জানান বিনা টিকিটে কোন যাত্রী যেন প্ল্যাটফরমে ঢুকতে এবং ট্রেনে উঠতে না পারে সে বিষয়ে সচেষ্ট থাকতে হবে।

২.৮ সভাপতি বিগত ঈদগুলোতে সরকারের বিভিন্ন দপ্তর/সংস্থার প্রতিনিধিগণ যে ধরণের সহযোগিতা করেছেন এবার তারচেয়ে আরও বেশি সহযোগিতা প্রদান করবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন। তিনি বলেন সকলের সহযোগিতা ও কর্মপরিকল্পনা অনুযায়ী কাজ করলে যাত্রীগণ নিরাপদে ট্রেনে ভ্রমণ করতে পারবেন।

৩। **সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়ঃ**

| ক্র:নং | আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত | বাস্তবায়ন দায়িত্ব |
|---|---|---|
| ৩.১ | ঢাকা রেলওয়ে স্টেশনের আইন শৃঙ্খলা রক্ষা :<br>ঢাকা রেলওয়ে স্টেশন ও তার আশপাশের আইন শৃঙ্খলা রক্ষা করার বিষয়ে ডিএমপি ও র‍্যাব কর্তৃক কন্ট্রোল রুম স্থাপনসহ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। টিকিটধারী যাত্রীদের সহজে স্টেশনে প্রবেশের ব্যবস্থা করতে হবে, বিনা টিকিটের লোকজন যেন স্টেশনে প্রবেশ করতে না পারে সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | মহাপুলিশ পরিদর্শক বাংলাদেশ পুলিশ;<br>মহাপরিচালক র‍্যাব ফোর্সেস;<br>অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, রেলওয়ে পুলিশ;<br>ঢাকা মেট্রোপলিটন পুলিশ;<br>চিফ কমান্ড্যান্ট (পূর্ব) আরএনবি। |
| ৩.২ | টিকিট চেক করে যাত্রীদের প্ল্যাটফরমে প্রবেশ করতে দেয়া:<br>টিকিটধারী যাত্রীরা যাতে সহজে প্ল্যাটফরমে প্রবেশ করতে এবং ট্রেনে উঠতে পারে সে বিষয়ে সচেষ্ট থাকতে হবে। গেইটে টিকিট চেক করার জন্য প্রয়োজনে অতিরিক্ত লোকবল নিয়োজিত করতে হবে। | মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে;<br>অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন) |
| ৩.৩ | ট্রেনের ছাদে যাত্রী ওঠা বন্ধকরণ:<br>ট্রেনের ছাদে যাতে কোন যাত্রী ওঠতে না পারে সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে;<br>অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক রেলওয়ে পুলিশ;<br>চীফ কমান্ড্যান্ট (পূর্ব) |
| ৩.৪ | আইন-শৃঙ্খলা নিশ্চিত করা:<br>সার্বিকভাবে ঈদ যাত্রা নির্বিঘ্ন করার জন্য আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার বিষয়টি নিশ্চিত করতে হবে। যদি প্রয়োজন হয় সেক্ষেত্রে বিধি মোতাবেক বিজিবি'র সহযোগিতা নেয়ার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে;<br>যুগ্মসচিব (প্রশাসন-২), রেলপথ মন্ত্রণালয় |

| ক্র:নং | আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত | বাস্তবায়ন দায়িত্ব |
|---|---|---|
| ৩.৫ | স্ট্যান্ডিং টিকিট এর যাত্রীদের ক্ষেত্রে করণীয় :<br>শোভন চেয়ার এর ২৫% স্ট্যান্ডিং টিকিট বিক্রয় করা হবে। স্টান্ডিং টিকিটধারী যাত্রীগণ যেন অন্য শ্রেণির কোচে উঠতে না পারে এবং ট্রেন চলার সময় মুভমেন্ট করতে না পারে তা নিশ্চিত করতে হবে। | মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে;<br>অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন),<br>বাংলাদেশ রেলওয়ে। |
| ৩.৬ | জয়দেবপুর স্টেশনে যাত্রী নিয়ন্ত্রণ:<br>জয়দেবপুর স্টেশনের যাত্রীদের জন্য ক্যারেজের নির্ধারিত গেইট খোলা রাখা এবং যাত্রীদের সহজে চিহ্নিত করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে;<br>অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন),<br>বাংলাদেশ রেলওয়ে। |
| ৩.৭ | বিনা টিকিটে ভ্রমণকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। এজন্য কমলাপুর, বিমানবন্দর ও জয়দেবপুর স্টেশনে এবং ট্রেনে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। | মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে;<br>বিভাগীয় এস্টেট অফিসার (সকল) |

০৪। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১২/০৪/২০২৩

(ড. মো: হুমায়ুন কবীর)
সচিব

নং- ৫৪.০০.০০০০.০৪১.১৮.০৪১.১৬ (অংশ-১)-৩৩

তারিখ : ৩০ চৈত্র ১৪২৯ / ১৩ এপ্রিল ২০২৩

বিতরণ: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. ইন্সপেক্টর জেনারেল, বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ৬, ফিনিক্স রোড, ফুলবাড়ীয়া, ঢাকা।
২. মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি), পিলখানা, ঢাকা।
৩. মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
৪. মহাপরিচালক, র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), র‍্যাব ফোর্সেস হেডকোয়ার্টার, পুরাতন কার্গো এডমিন বিল্ডিং, কুর্মিটোলা, ঢাকা।
৫. মহাপরিচালক, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, খিলগাঁও, চৌধুরী পাড়া, ঢাকা।
৬. মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৭. কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, রমনা, ঢাকা।
৮. অতিরিক্ত মহা-পুলিশ পরিদর্শক, রেলওয়ে পুলিশ, হাউজ নং ১২/সি, রোড নং১০৫, গুলশান-২, ঢাকা।
৯. অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
১০. যুগ্মসচিব (প্রশাসন/ প্রশাসন-২), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
১১. মহাব্যবস্থাপক (পূর্ব), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম।
১২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
১৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
১৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৫. ডিআরএম (ঢাকা), বাংলাদেশ রেলওয়ে, কমলাপুর, ঢাকা।
১৬. চীফ কম্যান্ড্যান্ট (পূর্ব),আরএনবি, বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম।
১৭. জনাব মালিহা এম. কাদের, লিড পার্টনার, সহজ লিমিটেড, Shohoz-Synesis-Vincen JV- হাউজ -৫৫/বি, রোড -২১, বনানী, ঢাকা- ১২১৩।

( মো: তৌফিক ইমাম)
উপসচিব
ফোন: ৮৮০২৪১০৫০২৪৩
admin6@mor.gov.bd

পরিশিষ্ট-ক

সভার বিষয় ঃ আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর ২০২৩ উপলক্ষে ট্রেন যাত্রা নির্বিঘ্ন করার লক্ষ্যে পর্যালোচনা সভা।

**সভার সভাপতি ঃ সচিব, রেলপথ মন্ত্রণালয়।**

**সভার তারিখ, সময় ও স্থান ঃ ১০ এপ্রিল ২০২৩, বেলা ১১:০০ টা, ঢাকা রেলওয়ে স্টেশন (কমলাপুর)**

**সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা:**

| ক্রমিক | নাম ও পদবি | কর্মস্থল | মোবাইল নম্বর ও ই মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১। | মো: মহিবুল আহসান<br>মহাপরিচালক | বাংলাদেশ রেলওয়ে | | ১০/৪/২০২৩ |
| ০২। | জালালউদ্দিন আহমেদ<br>যুগ্মসচিব | MOR | — | 10/4/2023 |
| ০৩। | সরদার সাহাদাত আলী<br>এডিজি (অপা:) | বাংলাদেশ রেলওয়ে | | ১০/৪/২০২৩ |
| ০৪। | মো: আব্দুল্লাহ-আল-নোমান<br>সহকারী পরিচালক | NSI | | 10.04.23 |
| ০৫। | মেজর<br>মো: ইসরাফিল আলম, পিএসসি<br>সহ: পরিচালক (অপারেশন) | HQ, BGB | 01769600114 | |
| ০৬। | মুহাম্মদ মাহবুবুল হক<br>PS to Secy | MOR | 01755500470 | |
| ০৭। | শাহ আলম<br>DCO (DA) | BR | 01711691643 | 10.04.23 |

| ক্রমিক | নাম ও পদবি | কর্মস্থল | মোবাইল নম্বর ও ই মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০৮। | জহিরুল ইসলাম পরিচালক(প্রশাসন), ডিএ | BR | 01711691565 | [signature] 10.04.23 |
| ৯। | মো: মিজানুর রহমান DBN-2, DA | BR | 01711691560 | [signature] 10.04.2023 |
| ১০। | কামরুজ্জামান সিদ্দিকী DSTE/T/DA | BR | 01709999092 | [signature] 10.04.23 |
| ১১। | Fuad Hossain Ananda PS to DG | BR | 01711691633 | [signature] |
| ১২। | উজ্জ্বল ব্যানার্জী সহকারী পরিচালক | আনসার ও ভিডিপি সদর দপ্তর | ০১৭১৭২২৮৪১৫ | [signature] |
| ১৩। | মো: আবু তাহের ভূঁইয়া ASP | র‍্যাব-৩ | 01711639423 | [signature] |
| ১৪। | মো: আসাদুল হোসেন সহকারী পুলিশ সুপার | ঢাকা রেলওয়ে পুলিশ | 01320178616 | [signature] |
| ১৫। | মো: মাহফুজুল হক ASP | ঢাকা রেলওয়ে জেলা | 01711-393231 | [signature] |
| ১৬। | নাহিদ-উল-আলম অতি. পুলিশ সুপার | ঢাকা রেলওয়ে জেলা | 01320178602 | [signature] |
| ১৭। | মো. মোস্তাফিজুর রহমান সহকারী পরিচালক | [illegible] | 01868190183 | [signature] |

<u>পরিশিষ্ট-ক</u>

সভার বিষয় ঃ আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর ২০২৩ উপলক্ষে ট্রেন যাত্রা নির্বিঘ্ন করার লক্ষ্যে পর্যালোচনা সভা।

**সভার সভাপতি ঃ সচিব, রেলপথ মন্ত্রণালয়।**

**সভার তারিখ, সময় ও স্থান ঃ ১০ এপ্রিল ২০২৩, বেলা ১১:০০ টা, ঢাকা রেলওয়ে স্টেশন (কমলাপুর)**

**সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা:**

| ক্রমিক | নাম ও পদবি | কর্মস্থল | মোবাইল নম্বর ও ই মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১। | মো: [illegible] রহমান GM(E) | সিআরবি, চট্টগ্রাম | 01711505308 | [signature] |
| ০২। | ড. এ.এম.এ আশরাফুল আলম যুগ্মসচিব | MOR | | [signature] |
| ০৩। | মো: মোরশেদ আলম অতি: ডিআইজি | রেলওয়ে পুলিশ | 01755500688 | [signature] ১০-০৪-২৩ |
| ০৪। | মোহাম্মদ সফিকুর রহমান ডিআরএম/ঢাকা | বাংলাদেশ রেলওয়ে | 01711506137 | [signature] ১০/৪/২৩ |
| ০৫। | আনোয়ার হোসেন পুলিশ সুপার ঢাকা রেলওয়ে জেলা | ঢাকা রেলওয়ে জেলা | 01320178600 | [signature] 10/04/2023 |
| ০৬। | মোঃ জাহিদুল ইসলাম. CCRNBIE. | BR. | 01711506124. | [signature] ১০/৪/২৩ |
| ০৭। | মো: খায়রুল কবির DTO/DA | BR. | 01711691562 dtoda@railway.gov.bd | [signature] 10.04.2023 |

| ক্রমিক | নাম ও পদবি | কর্মস্থল | মোবাইল নম্বর ও ই মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০৮। | মো: সফি উল্লাহ<br>DEO-DA | BR | 01711691611 | [signature] |
| ৯। | রাসেল আলম<br>DME/C&W/DA | BR | 01711691566<br>dmecnwda@railway.gov.bd | [signature] |
| ১০। | মো: জাকির হোসেন খান<br>DSTE/DA(অ: দা:) | BR | 01711692821 | [signature] |
| ১১। | Jubaer Hossain<br>KP, Business | SSV JV | 01714057773 | [signature] |
| ১২। | MD. Nahid Hasan Khan<br>Director Traffic Commercial | BR | 01711691602 | [signature] |
| ১৩। | Mahafuzzaman Sarkar.<br>Addl. SP.<br>Police headquarters | Police Headquarters | 01320001200 | [signature] |
| ১৪। | Gobinda chandra paul<br>ADC-Motijheel DMP. | DMP | 01320040083 | [signature] |
| ১৫। | Sandeep Debnath<br>Project Director<br>SSV JV | SSV JV | 01777152800 | [signature] |